# ALL INDIA RADIO, SILCHAR

*************

## EVENING BULLETIN : BENGALI

## Date: - 17-06-2024

## *Time: 19:45-19:55 Hrs*

---------------------------------------

(১) আগরতলা থেকে বদরপুর হয়ে যাওয়া শিয়ালদা কাঞ্চনজংঘা এক্সপ্রেস ট্রেনের দুর্ঘটনায় মৃতের সংখ্যা বেড়ে নয় / রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণবের দুর্ঘটনাস্থল পরিদর্শন/ দুর্ঘটনায় হতাহতের প্রতি প্রধানমন্ত্রী ও ভারতীয় রেলের এককালীন অর্থ সাহায্যের ঘোষণা/

(২) রেল দুর্ঘটনায় আসামের কোনো লোক হতাহত হওয়ার তথ্য নেই বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার প্রকাশ/

(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আগামীকাল দেশের প্রায় দশ কোটি কৃষককে পি এম কিশাণ প্রকল্পের ১৭ তম কিস্তির কুড়ি হাজার কোটিরও বেশি টাকার অর্থ আনুষ্ঠানিকভাবে প্রদান/

এবং

(৪) সমগ্র দেশের সঙ্গে বরাক উপত্যকায়ও আজ যথাযোগ্য মর্যাদায় ঈদ-উজ্জোহা উদযাপিত/

---------------------------------------------------------------------

পশ্চিমবঙ্গের নিউ জলপাইগুড়ি রেল স্টেশনের কাছে রাঙাপানী স্টেশনে শিয়ালদা অভিমুখী ১৩১৭৪ ডাউন আগরতলা-শিয়ালদা কাঞ্চনজংঘা এক্সপ্রেস এবং একটি মালবাহী ট্রেনের মধ্যে আজ সকাল ন'টা নাগাদ হওয়া দুর্ঘটনায় তিনজন রেল কর্মচারী সহ ন'জন যাত্রী নিহত এবং ৪১ জন আহত হয়েছেন। আহতদের চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে । যাত্রীদের খাদ্য ও পানীয়ের ব্যবস্থা করা হচ্ছে । এছাড়া দুর্ঘটনা ক্ষতিগ্রস্ত না হওয়া ট্রেনের বাকি কোচগুলি মালদা'র উদ্দেশ্যে রওয়ানা হয়েছে । ইতিমধ্যে নিহতদের নিকটাত্মীয়দের এককালীন দশলক্ষ টাকা করে আর্থিক সহায়তা প্রদান করা এবং গুরুতর আহতদেরকে আড়াই লক্ষ টাকা করে এবং কম আঘাতপ্রাপ্তদের এককালীন ৫০ হাজার টাকা করে প্রদান করা হবে বলে রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব ঘোষণা করেছেন। শ্রী বৈষ্ণব দুর্ঘটনাস্থলে গিয়ে সামগ্রিক পরিস্থিতির খোঁজখবর নিয়েছেন । উল্লেখ্য- ট্রেনটি গতকাল আগরতলা থেকে বদরপুর হয়ে শিয়ালদা অভিমুখে রওয়ানা হয় । রেল বিভাগের সূত্র অনুসারে মালবাহী ট্রেনটি সিগন্যাল পাওয়ার আগেই রওয়ানা হয়ে যায় এবং কাঞ্চনগংঘা এক্সপ্রেসের পেছন দিকে ধাক্কা মারে । এই ঘটনায় কাঞ্চনজংঘা এক্সপ্রেসের পেছন দিকের চারটি কোচ এবং মালাবাহী ট্রেনটির পাঁচটি ওয়াগন লাইনচ্যুত হয় । জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগের দল এবং ১৫ টি এ্যাম্বুলেন্স ইতিমধ্যে দুর্ঘটনাস্থলে উপস্থিত হয়ে উদ্ধার কার্য আরম্ভ করেছে । দুর্ঘটনা সম্পর্কিত তথ্যের জন্য রেল বিভাগ বিভিন্ন স্থানে হেল্প ডেস্ক স্থাপন করেছে ।

এদিকে নিউ জলপাইগুড়িতে সংঘটিত এই ট্রেন দুর্ঘটনায় আসামের কোনো লোক হতাহত হবার তথ্য এপর্যন্ত পাওয়া যায়নি বলে রাজ্যের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা জানিয়েছেন । ত্রিপুরা থেকে আসামের মধ্য দিয়ে যাওয়ার জন্য এই ট্রেনটিতে আসামের যাত্রী থাকতে পারে বলে মুখ্যমন্ত্রী প্রকাশ করেছেন । তিনি বলেছেন যে- এই দুর্ঘটনা সম্পর্কে কেন্দ্রীয় রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণবের সঙ্গে কথা বলা ছাড়াও রাজ্যের মুখ্য সচিব রেল বিভাগের সঙ্গে যোগাযোগ অব্যাহত রেখেছে । রাজ্যের কোনো লোক দুর্ঘটনায় আহত হলে চিকিৎসার ব্যবস্থা করা হবে বলেও মুখ্যমন্ত্রী আশ্বাস দিয়েছেন ।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি জগদীপ ধনকড় এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পশ্চিমবঙ্গে সংঘটিত রেল দুর্ঘটনায় গভীর শোক প্রকাশ করেছে । এক শোকবার্তায় রাষ্ট্রপতি বলেন যে- এই ঘটনা অতি দুঃখজনক এবং তাঁর সমবেদনা তথা প্রার্থনা শোকসন্তপ্ত পরিবারবর্গের সঙ্গে রয়েছে । রাষ্ট্রপতি আহতদের দ্রুত আরোগ্য কামনা করেন । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই দুর্ঘটনায় প্রিয়জনকে হারানো প্রতিটি পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন । এবং আহতদের দুত আরোগ্য কামনা করেন । প্রধানমন্ত্রী পরিস্থিতির খোঁজখবর নেওয়ার উদ্দেশ্যে রেল বিভাগের আধিকারিকদের সঙ্গে কথাবার্তা বলেছেন । তিনি বলেন যে- ক্ষতিগ্রস্তদের সহায়তার উদ্দেশ্যে উদ্ধার অভিযান ইতিমধ্যে আরম্ভ হয়েছে । শ্রী মোদী প্রধানমন্ত্রীর জাতীয় সহায়তা তহবিল থেকে নিহতদের নিকটাত্মীয়দের দুই লক্ষ টাকা করে এবং আহতদের ৫০ হাজার টাকা করে সাহায্য প্রদান করা হবে বলেও ঘোষণা করেছেন ।

অন্যদিকে রেল দুর্ঘটনার পরিপ্রেক্ষিতে কাটিহার-নিউ জলপাইগুড়ি ক্ষেত্রের রেল যাতায়াত প্রভাবিত হয়েছে । ডিব্রুগড়-নতুন দিল্লি রাজধানী এক্সপ্রেস, হাওড়া-নিউ জলপাইগুড়ি বন্দে ভারত এক্সপ্রেস সহ ২৪ টি ট্রেনের যাত্রাপথ পরিবর্তন করে নিউ জলপাইগুড়ি, শিলিগুড়ি, বাগডোগরা, আলুওয়াবাড়ী রেল শাখার পথে যাতায়াতের ব্যবস্থা করা হয়েছে ।

---

এদিকে এইমাত্র পাওয়া খবরে জানা গেছে যে- রেলওয়ে বোর্ডের অধ্যক্ষ জয়া বার্মা পশ্চিমবঙ্গে আজ সকালে সংঘটিত কঞ্চনজংঘা এক্সপ্রেস ও মালবাহী ট্রেনের দুর্ঘটনা সংঘটিত হওয়া অঞ্চলে উদ্ধারকার্য সম্পন্ন হয়েছে বলে জানিয়েছেন । সংবাদ মাধ্যমকে তিনি জানিয়েছেন যে- এই দুর্ঘটনায় তিনজন রেলকর্মী নিহত হয়েছেন । এদের মধ্যে সিগন্যাল পাওয়ার আগে মালবাহী ট্রেনটির লোকো পাইলটের ঘটনাস্থলে মৃত্যু হয়েছে । মালবাহী ট্রেনটির সহকারী চালক এবং কাঞ্চনজংঘা এক্সপ্রেসের গার্ডেরও ঘটনাস্থলে মৃত্যু হয়েছে ।

---

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ নতুনদিল্লীতে মণিপুরের নিরাপত্তা পরিস্থিতি পর্যালোচনার উদ্দেশ্যে এক উচ্চ পর্যায়ের বৈঠকে অধ্যক্ষতা করেন । কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব অজয় ভাল্লা , গোয়েন্দা সংস্থার প্রধান তপন ডেকা , সেনা প্রধান মনোজ পান্ডে , মণিপুরের পুলিশ সঞ্চালক প্রধান রাজীব সিং সহ কেন্দ্র ও রাজ্য সরকারের উচ্চপদস্থ আধিকারীক এবং সেনা বাহিনী ও অন্যান্য নিরাপত্তা সংস্থা সমুহের আধিকারীকরা এই বৈঠকে অংশগ্রহণ করেন ।

------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল দেশের প্রায় ১০ কোটি কৃষককে পি এম কিষাণ প্রকল্পের ১৭ তম কিস্তির ২০ হাজার কোটি টাকার ও বেশী ধনরাশি আনুষ্ঠানিক ভাবে প্রদান করবেন ।এই উপলক্ষে আগামীকাল উত্তরপ্রদেশের বারাণসিতে পি এম কিষাণ সম্মেলন অনুষ্ঠিত হবে ।লাইভ ওয়েবকাষ্টের মাধ্যমে দেশের বেশ কয়েকটি স্থানে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।উল্লেখ্য এই প্রকল্পের অধীনে এপর্যন্ত দেশের ১১ কোটির ও বেশী কৃষককে তিন লক্ষ কোটি টাকা রো বেশী অর্থ প্রদান করা হয়েছে ।

------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ গুয়াহাটী মেডিক্যাল কলেজ ও হাসপাতাল পরিদর্শন করে ৩৭৫ কোটি টাকা ব্যয়ে নির্মীয়মান প্রসুতি এবং শিশু হাসপাতালের কাজের অগ্রগতি খতিয়ে দেখেন ।মুখ্যমন্ত্রী আজ গুয়াহাটী মেডিক্যাল কলেজ কর্তৃপক্ষ সহ স্বাস্থ্যবিভাগের উচ্চপদস্থ আধিকারীকদের সঙ্গে এক বৈঠকেও মিলিত হন ।বৈঠকে মুখ্যমন্ত্রী গুয়াহাটী মেডিক্যাল কলেজের প্রসুতি ও শিশু বিভাগের কাজ প্রায় ৭০ শতাংশ সম্পূর্ণ হয়েছে বলে জানান এবং বাকী ৩০ শতাংশ কাজ আগামী বছর এপ্রিল মাসের মধ্যে সম্পূর্ণ হয়ে উঠবে বলে আশা প্রকাশ করেন ।বৈঠকে মুখ্যমন্ত্রী রাজ্যের বিভিন্ন মেডিক্যাল কলেজ ও হাসপাতালগুলোতে অধ্যাপকদের শূণ্য পদ পূরণ করতে স্বাস্থ্য বিভাগের আধিকারীকদের নির্দেশ দেন ।মুখ্যমন্ত্রী গুয়াহাটী মেডিক্যাল কলেজ কর্তৃপক্ষকে সৌরশক্তি ব্যবহার করারও পরামর্শ দেন ।

------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা জানিয়েছেন যে আগামী পঞ্চায়েত নির্বাচনে ই ভি এমের পরিবর্তে ব্যালট পেপারে ভোট গ্রহণ করা হবে ।তবে ৪/৫টি জেলায় পাইলট পর্যায়ে ই ভি এম ব্যবহার করা হবে বলে তিনি জানান ।এবারের পঞ্চায়েত নির্বাচন সম্পূর্ণ অরাজনৈতিক হবে বলে উল্লেখ করে আঞ্চলিক জেলা পরিষদের নির্বাচনে প্রার্থীদের প্রতীক চিহ্ন থাকবে তবে পঞ্চায়েত সভাপতি ও সদস্য পদের প্রার্থীদের  প্রতীক চিহ্ন ছাড়া নির্বাচনে প্রতিদ্বন্দিতা করতে হবে বলে জানান ।নির্বাচনী এলাকা পূণর নির্ধারণের আগের তালিকা অনুযায়ি রাজ্যে উপনির্বাচন অনুষ্ঠিত নাও হতে পারে বলে মুখ্যমন্ত্রী মত প্রকাশ করেন ।

---------------------------------------------------------------------------

সমগ্র দেশে আজ ইসলাম ধর্মাবলম্বী লোকেদের পবিত্র উৎসব ঈদ-উজ-জোহা সম্পূর্ণ ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে পালন করা হয় ।আসামেও ঈদ উপলক্ষে আজ ইসলাম ধর্মাবলম্বী লোকেদের মধ্যে উৎসাহ ও উদ্দীপনা পরিলক্ষিত হয়েছে ।আজ সকালে মসজিদ এবং ঈদগাহ গুলোতে সমবেত ঈদের নামাজ পাঠ সহ একে ওপরকে শুভেচ্ছা জ্ঞাপন করে ।জাতীয় রাজধানী দিল্লীর জামা মসজিদ , ফতেহপুর মসজিদ এবং শাহি ঈদগাহে ঈদের মূল কার্যসূচী পালন করা হয় ।ঈদের নামাজ পরিচালনা করা ইমামগণ জনসাধারণকে শান্তি সম্প্রীতি বজায় রাখা সহ ভ্রাতৃত্ববোধের মূল মন্ত্রে এই উৎসব পালন করার আহ্বান জানান ।

ঈদ উপলক্ষে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু , উপরাষ্ট্রপতি জগদীপ ধনকড় , প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশবাসীকে শুভেচ্ছা জানান ।এক বার্তায় রাষ্ট্রপতি শ্রীমতী মুর্মু ঈদ-উজ-জোহাকে ত্যাগের প্রতীক হিসেবে বর্ণনা করে এই উৎসব প্রেম , ভ্রাতৃত্ববোধ ও সামাজিক সম্প্রীতির বার্তা বহন করে বলে মন্তব্য করেন ।

উপরাষ্ট্রপতি শ্রী ধনকড় এক বার্তায় এই উৎসব জনসাধারণকে একতা , দয়া ও সংহতির মূল্যবোধের শিক্ষা দেয় বলে উল্লেখ করেন ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই উৎসব সমাজে একতা ও সম্প্রীতির বন্ধন আরো শক্তিশালী করবে বলে আশা প্রকাশ করেন ।

---------------------------------------------------------------------------

সমগ্র দেশের সঙ্গে বরাক উপত্যকায়ও আজ উৎসাহ-উদ্দীপনায় ঈদ-উজ্ জোহা উদযাপন করা হয়েছে ।

শিলচরের বিভিন্ন ঈদগা, ও মসজিদে আজ প্রতিকূল আবহাওয়ার মধ্যেও ঈদের নামাজ অনুষ্ঠিত হয়েছে । তবে সকালে বৃষ্টি থাকায় যথাসময়ে ঈদের নামাজ আয়োজন করা সম্ভব না হওয়ায় সময়সূচীর কিছুটা পরিবর্তন করা হয়েছে । এছাড়াও কাছাড় জেলার সোনাই , সোনাবাড়ীঘাট , উধারবন্দ , কাটিগড়া , কালাইন, বড়খলা সহ সর্বত্র যথাযোগ্যর্যাদায় ঈদ-উজ্ জোহা পালন করা হয়েছে ।

করিমগঞ্জ জেলায়ও আজ উৎসাহ-উদ্দীপনায় ঈদ পালন করা হয়েছে । জেলায় সকাল থেকে অবিরাম বৃষ্টির কারনে এবারের ঈদের নামাজ খোলা ঈদগাহের পরিবর্তে বেশিরভাগ মসজিদের ভিতরে আদায় করা হয়েছে । করিমগঞ্জ জেলার ঐতিহ্যবাহী করিমগঞ্জ টাউন ঈদগাহে ঈদের নামাজ পরিচালনা করেন উত্তর-পূর্ব ভারত এমারতে শরীয়াহ ও নওদয়াতুত তামীরের কেন্দ্রীয় সম্পাদক মৌলানা আসহাব উদ্দীন । এছাড়া শ্রীগৌরী উমরপুর ঈদগাহ ময়দানে ঈদের নামাজ পরিচালনা করেন মৌলানা ইউসুফ আলী এবং বদরপুরের শাহ আলম খাকি ঈদগাহে দেওরাইল টাইটেল মাদ্রাসার প্রাক্তন অধ্যক্ষ মৌলানা ওয়ারিস । নামাজ শেষে দেশে শান্তি-সম্প্রীতি ও ভ্রাতৃত্ববোধের জন্য বিশেষ মোনাজাতের ব্যবস্থা করা হয়েছে ।

হাইলাকান্দি জেলায়ও যথাযোগ্য মর্যাদায় ঈদ উৎসব উদযাপিত হয়েছে । তবে বরাক উপত্যকার তিন জেলায় আবহাওয়ার প্রতিকূলতার জন্য শিশু, কিশোর সহ সব বয়সের লোকেদের ঈদের উৎসাহে কিছুটা ভাটা পরিলক্ষিত হয়েছে ।

---

রাজ্যের বিভিন্ন প্রান্তে পুনরায় বন্যার আশঙ্কা দেখা দিয়েছে । গতকাল থেকে রাজ্যের বিভিন্ন প্রান্তে চলতে থাকা অবিরাম বর্ষণের ফলে বেশকিছু জায়গায় জল জমে গেছে । নগাঁও জেলার কামপুরে কপিলী নদীর জলস্তর বৃদ্ধি পেয়েছে

। সংশ্লিষ্ট জেলা প্রশাসন নদীর তীরবর্তী জনসাধারণকে সতর্ক থাকতে বলেছেন। এদিকে কপিলী নদীর জলে হোজাই জেলার বেশকয়েকটি গ্রাম প্লাবিত করেছে। মঙ্গলদৈ'র বাঁহজানীতে নোয়া নদীর পূর্বদিকের বাঁধ ভেঙে যাওয়ার ফলে কম করে দশটি গ্রাম প্লাবিত হয়েছে। অন্যদিকে গুয়াহাটির আঞ্চলিক আবহাওয়া বিজ্ঞান কেন্দ্র আগামী ২০শে জুন পর্যন্ত রাজ্যে বজ্র বিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের আশঙ্কা করে রেড এলার্ট জারী করেছে। আবহাওয়া বিজ্ঞান কেন্দ্রের অনুসারে - অন্যান্য জেলার সঙ্গে কার্বি-আং-লং জেলায় ভারী বৃষ্টিপাত এবং পশ্চিম কার্বি-আং-লং জেলায় বৃষ্টিপাতের ফলে বন্যা পরিস্থিতির আশঙ্কা করা হয়েছে।

---------------------------------------------------------------------------

এস ইউ সি আই (কমিউনিষ্ট) দলের আসাম রাজ্য কমিটির পক্ষ থেকে আজ আগরতলা থেকে শিয়ালদহগামী কাঞ্চনজংঘা এক্সপ্রেস ট্রেন দূর্ঘটনাগ্রস্ত হওয়ায় গভীর উদ্বেগ প্রকাশ করেছে। দলের রাজ্য সম্পাদক চন্দ্রলেখা দাস রাজ্যের মূখ্যমন্ত্রীর কাছে স্মারক পত্র পাঠিয়ে নিহতদের উপযূক্ত ব্যবস্থা গ্রহন ও আহতদের সুচিকিৎসার ব্যবস্থা করতে দাবী জানানো হয়েছে।

---------------------------------------------------------------------------